

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি
তদারকিকরণ সংক্রান্ত জানুয়ারি-২০২২ সভার কার্যবিবরণী

সভাপতি	জিএসএম জাফরউল্লাহ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	৩০ জানুয়ারি ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১১.৪৫ টা
স্থান	বিভাগীয় কমিশনার মহোদয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলকে আহবান জানান। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী বিভাগকে মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ বিষয়ে একটি উপস্থাপনা প্রদানের বিষয়ে অনুরোধ করেন।

২. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন

সভায় ডিসেম্বর, ২০২১ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

ডিসেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

ক্রমিক নং	সভার তারিখ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের হার
০১	২০/১২/২০২১ খ্রি.	০৫ টি	০৪ টি	৮০%

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা প্রশাসক হতে প্রাপ্ত ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পুনর্বাসনের জন্য গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণের বিষয়ে সভায় বিশেষ গুরুত্বারোপ করেন। প্রদত্ত ছক পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে ১ম পর্যায়ের মোট ৭১১৯ টি গৃহ বরাদ্দ ও নির্মিত হয়। ২য় পর্যায়ের ৭১৭২ টি গৃহ বরাদ্দ ও নির্মিত হয়। ৩য় পর্যায়ের (১ম ধাপে ২৭৫৭টি এবং ২য় ধাপে ৩০৯৯টি) মোট ৫৮৫৬ টি গৃহের বরাদ্দ পাওয়া গেছে তন্মধ্যে ৩০ টি গৃহ নির্মিত হয়েছে। সভাপতি অবশিষ্ট গৃহ ১৬/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। রাজশাহী বিভাগের সকল জেলার আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পুনর্বাসনের জন্য ৩য় পর্যায়ের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি উপস্থাপিত তথ্য অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

জেলার নাম	জুন, ২০২০ অনুযায়ী ‘ক’ শ্রেণির ভূমিহীনের সংখ্যা	০৭/০১/২০২২ খ্রি. অনুযায়ী হালনাগাদকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা	১ম ও ২য় পর্যায়ের নির্মিত ঘরের সংখ্যা	৩য় পর্যায়ের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি			৩য় (২য় ধাপ) পর্যায়ের গৃহ নির্মাণের চাহিদা	৩য় (২য় ধাপ) পর্যায়ের গৃহ নির্মাণের বরাদ্দ	অবশিষ্ট ক শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা
				বরাদ্দ প্রাপ্ত গৃহের সংখ্যা	নির্মাণ কাজ হয়েছে এমন গৃহের সংখ্যা	নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার সম্ভাব্য তারিখ			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
রাজশাহী	১০৬৩২	৪৩২১	১৫৪৬	৪৮১	৩৭৯	৩০/০৩/২০২২	৭৮৬	৭৮৬	১৫০৮

চাঁপাইন বাবগঞ্জ	১৮৩৩	১৮৩৩	৩৯৩৮	৩০৫	২৮৫	৩০/০৫/২০ ২২	১১০	১১০	০
নওগাঁ	২২১৫	২৩৫৭	১৫৫৮	৪১৯	২১৫	২৮/০২/২০২ ২	১৫১	১৫১	২২৯
নাটোর	৪৯৬৭	৪৫১১	১৯৩৯	৪৪৭	৩৫৯	৩১/০৫/২০২ ২	৯৯১	৯৮৪	৮৯৪
পাবনা	৪৫৫৭	৩৮৮৩	১৪২৩	২৯৯	২৪৫	৩১/০৩/২০২ ২	২০০	৮৫	১৯৫১
সিরাজগঞ্জ	৩২৫৫	২৬২২	১২৭৭	২০৫	২০৫	৩১/০৩/২০২ ২	২১৫	২১৫	৯২৫
বগুড়া	৮৭৩৯	৪০২৪	২৩০৯	৫০১	৪২৮	৩১/০৩/২০২ ২	৭৩৩	৬৭৩	৪৮১
জয়পুরহাট	১২৭৩	১২৭৩	৩০১	১০০	৯৬	১৫/০৩/২০২ ২	১১৪	৯৫	৭৭৭
বিভাগের মোট	৩৭৪৭১	২৪৮২৪	১৪২৯১	২৭৫৭	২২১২	২৫/০৩/২০২ ২	৩৩০০	৩০৯৯	৬৭৬৫

৫. সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন

সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>১. মুজিববর্ষ উপলক্ষে ২.০০ শতাংশ খাসজমি বন্দোবস্ত প্রদানপূর্বক ৩য় পর্যায়ে নির্মিতব্য একক গৃহ নির্মাণ ও গৃহ বরাদ্দের জন্য অনুসরণীয় নির্দেশনা অনুসরণ করতে হবে।</p> <p>২. মুজিব শতবর্ষে ৩য় পর্যায়ের সকল গৃহের নির্মাণ কাজ আগামী ১৬/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে শেষ করতে হবে।</p> <p>৩. ৩য় পর্যায়ে 'ক' শ্রেণীর পরিবারের জন্য বন্দোবস্তকৃত খাসজমির কবুলিয়ত ১০০% সম্পন্ন করতে হবে।</p> <p>৪. জেলা প্রশাসক, নওগাঁকে 'ক' শ্রেণীর পরিবারের চাহিদার প্রস্তাব আরো বেশি প্রেরণ করতে হবে।</p> <p>৫. ৩য় পর্যায়ে ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের জন্য জমি সংক্রান্ত নীতিমালা, ২০২১ অনুসরণ করতে হবে।</p>	<p>জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মেলন কক্ষে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জিএসএম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২১.১৭৪

তারিখ: ১৮ মাঘ ১৪২৮

০১ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৬) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৭) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৮) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৯) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয় (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)



ড. মোঃ আব্দুল মান্নান
অতিরিক্ত বিভাগীয় কমিশনার